এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ১ | ২ |

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট   পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও । যে কোন **ছয়টি** প্রশ্নের উত্তর দাও ।]*

১. এক স্রষ্টা অথচ নাম ভিন্ন ভিন্ন। – কেন? ধর্মশিক্ষা গ্রন্থটি পড়তে পড়তে এ প্রশ্নটি মনে জাগতেই নিতুন তার ঠাকুর দাদার কাছে ছুটে গেল। সে প্রশ্নটি তাকে বলল। তিনি ধর্ম গ্রন্থের সাহায্য নিয়ে বললেন, 'এক স্রষ্টার বিভিন্ন নাম।' তাঁর বিভিন্ন রূপের কারণে তাকে বিভিন্ন নামে অভিহিত করা হয়। স্রষ্টা জীব ও জগতের উপর প্রভুত্ব করেন। আবার জীবকে দয়া করেন বিধায় তাকে ভগবান বলে।

ক. ব্রহ্ম কী? ১

খ. হিন্দুধর্ম অনুযায়ী আত্মা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে স্রষ্টার প্রভুত্ব করার মাধ্যমে তাঁর কোন রূপ ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঠাকুর দাদার মতে স্রষ্টাকে ভগবান বলার কারণ বিশ্লেষণ করো। ৪

২. নৃপেন হিন্দুধর্মে বিশ্বাসী। সে পাঠ্য বইয়ে জ্ঞানযোগ পড়তে গিয়ে 'পরমার্থ' শব্দটি পেল। এ সম্পর্কে মন্দিরের পুরোহিতকে জিজ্ঞেস করলে তিনি বলেন, পরমার্থ লাভ অর্থ মোক্ষলাভ। জ্ঞানহীন, শ্রদ্ধাহীন ও সংশয়াত্মা- এ তিন শ্রেণীর লোক পরমার্থ লাভ করতে পারে না। জ্ঞান পরম পবিত্র। গীতায় বলা হয়েছে 'জ্ঞান অপেক্ষা পবিত্র বস্তু আর কিছু নেই। এই জ্ঞান লাভের বিভিন্ন উপায় রয়েছে।

ক. জ্ঞান কী? ১

খ. জ্ঞানের ফল কাজে লাগে কীভাবে? ২

গ. উদ্দীপকে পুরোহিতের ভাষ্যমতে জ্ঞান লাভের পন্থা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে গীতার তথ্যমতে জ্ঞান লাভের যেসব উপায় রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

৩. আধ্যাত্মিক যোগগুরু রবি শঙ্কর বলেন – অষ্টাঙ্গযোগ অনুসরণ ও অনুশীলনে মানুষের অশান্ত মন শান্ত হয় ও আত্মশক্তি বৃদ্ধি পায়। অষ্টাঙ্গযোগ পালন করে অশান্ত মনকে বশে আনতে পারা যায় বিধায় শান্তির সৃষ্টি হয়। আত্মোন্নয়নে অপরিমেয় শক্তি লাভ করা যায়।

ক. ব্রহ্মচার্যর অর্থ কী? ১

খ. অস্তেয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে অষ্টাঙ্গ যোগের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত শেষোক্ত বাক্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪. সুবোধ বাবু একজন সজ্জন ব্যক্তি। ধর্মীয় বিষয়গুলো সম্পর্কে তার জানার আগ্রহ প্রবল। একদিন তিনি দেবদাস মন্ডলের সঙ্গে বেদ ও উপনিষদ সম্পর্কে আলোচনা করছিলেন। দেবদাস বাবু বৈদিক সাহিত্য ও উপনিষদ সম্পর্কে ভালো ধারণা রাখেন। তিনি বলেন, বেদ হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থ। বেদকে আশ্রয় করে বিশাল সাহিত্য গড়ে উঠেছে। তিনি ঋষি মনুর উদ্ধৃতি দিয়ে বলেন, 'বেদ; অখিল ধর্ম মূলম' – অর্থাৎ বেদ অখিল ধর্মের মূল।

ক. উপনিষদ কোন কান্ডের অংশ? ১

খ. প্রসিদ্ধ উপনিষদ বলতে কী বোঝায়? ২

গ. ধর্মালোচনার প্রেক্ষিতে সুবোধ বাবুর জীবনে বৈদিক সাহিত্য কীরূপ ভূমিকা রাখতে পারে? ৩

৫. সুবেশ বাবু অফিস থেকে ফিরে স্ত্রীকে বললেন, আমাদের অফিসের নিখিল বাবু গতকাল অফিসে আসেন নি। আজ জানলাম অফিসে যাবার পথে নিখিল বাবু রাস্তায় লোকের ভিড় দেখে এগিয়ে গেলেন। দেখলেন তারই প্রতিবেশী শ্যাম বাবু কার সাথে জমিজমা নিয়ে বিরোধ ছিল তিনি রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন। তৎক্ষণাৎ নিখিল বাবু তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসকের সাহায্যে সুস্থ করে তোলেন। সুরেশ বাবুর স্ত্রী বললেন, একেই বলে মানবতা। একমাত্র ধর্মই মানবতাবোধকে জাগ্রত করতে পারে।

Copyright Md. Shah Jamal

ক. মানবতাবোধ কী? ১

খ. মানবতাবোধ ধর্মের অঙ্গ – ব্যাখ্যা করো। ২

গ. নিখিল বাবুর কাজটি থেকে প্রাপ্ত শিক্ষা তুমি কীভাবে কাজে লাগাতে পারো? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সুরেশ বাবুর স্ত্রীর মন্তব্যের সাথে তুমি কী একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. রিমার দাদি রিমাকে বলেন – হিন্দু ধর্মাবলম্বীদের বারো মাসে তেরো পার্বণ। একটি উৎসব শেষ হতে না হতেই আরেকটি উৎসব শুরু হয়। কিছু উৎসব ধর্মীয় ভাব গাম্ভীর্যের সঙ্গে পালন করা হয় আর কিছু উৎসব বাঙালির অসম্প্রদায়িক চেতনায় পালন করা হয়। বাংলা সনের প্রথমে একটি সার্বজনীন উৎসব করা হয়। রিমা তার দাদিকে জিজ্ঞেস করল – দাদিমা, ভাইয়ের মঙ্গল কামনায় কোন অনুষ্ঠান করা হয়। দাদিমা তাকে এ অনুষ্ঠান সম্পর্কে বুঝিয়ে বলেন।

ক. 'নবান্ন' শব্দের অর্থ কী? ১

খ. রাখীবন্ধন কীসের প্রতীক বহন করে? ২

গ. উদ্দীপকের দুটি উৎসবই কীভাবে সার্বজনীন? ব্যাখ্যা করো। ৩

ঘ. রিমার জিজ্ঞাসিত উৎসবের তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৭. উর্বী তার মাকে জিজ্ঞেস করল, মা, দুর্গাদেবীর পূজা কীভাবে আরম্ভ হয়? উর্বীর মা বললেন, মহালয়া অমাবস্যার পরে শুক্ল পক্ষের ষষ্ঠী তিথিতে ষষ্ঠী পূজার আয়োজনের মাধ্যমে দুর্গা পূজা শুরু হয়। পূজাবিধি অনুসারে কল্পারম্ভ, বোধন, অধিবাস, প্রতিমাসমূহে প্রাণ প্রতিষ্ঠা, চক্ষুদান প্রভৃতি করা হয়। সবশেষে দেবী দুর্গাকে প্রণাম মন্ত্রে প্রণাম করা হয়।

ক. নবপত্রিকা প্রতিষ্ঠা হয় কোন তিথিতে? ১

খ. নবপত্রিকা প্রতিষ্ঠার নয় ধরনের বৃক্ষ ও লতার নাম লেখো। ২

গ. উর্বী উদ্দীপকে উল্লিখিত দেবীর বোধন সম্পর্কে কী জানতে পেরেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত দেবীর পূজা শেষে যে প্রণাম মন্ত্রে প্রণাম করতে হয়, সে প্রণাম মন্ত্রের শিক্ষা বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

৮. শর্মী তার ঠাকুরমাকে প্রশ্ন করে শিষ্টাচার কী? তিনি বললেন, সমাজ জীবনে চলার পথে শিষ্টাচার একটি প্রয়োজনীয় গুণ বা নৈতিক মূল্যবোধ। শিষ্টাচার বা ভদ্র ব্যবহার দ্বারা আমরা সহজেই মানুষের মন জয় করতে পারি। আর যে শিষ্টাচার মাতাপিতা ও অন্যান্য গুরুজনকে প্রণাম জানানোর মধ্য দিয়ে প্রকাশ পায়, তার নাম ভক্তি বা শ্রদ্ধা। হরিচরণ বন্দ্যোপাধ্যায় তার বঙ্গীয় শব্দকোষে চার প্রকার প্রণামের কথা উল্লেখ করেছেন।

ক. প্রণাম কী? ১

খ. প্রণামের মধ্যে ধর্মদর্শন প্রকাশ পায় কী করে? ২

গ. শর্মী তার জীবনে শিষ্টাচারকে কীভাবে গ্রহণ করবে? বর্ণনা করো। ৩

ঘ. ঠাকুর মার ভাষ্যমতে হরিচরণ বন্দোপাধ্যায়ের উল্লেখকৃত প্রণামসমূহ বিশ্লেষণ করো। ৪

৯. এক ধর্ম সভায় ধর্মগুরু বলেন – তাঁকে যুগ সন্ধিক্ষণের মহামানব হিসাবে অভিহিত করা হয়। তিনি ছিলেন শিবের উপাসক ও অদ্বৈতবাদের প্রবর্তক। যার মূল কথা হলো 'পরম ব্রহ্মই একমাত্র সত্য। বাকি সব মায়া।' পন্ডিতেরা বলেছিলেন – অতি অল্প বয়সে তিনি পরলোক গমন করবেন। অবশ্য পন্ডিতদের ভবিষ্যৎবানী সত্য হয়েছিল।

ক. অদ্বৈতবাদ কী? ১

খ. কাকে যুগসন্ধিক্ষণের মহামানব বলা হয় এবং কেন? ২

গ. উক্ত মহামানবের মৃত্যু সম্পর্কিত ঘটনা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ধর্মীয় মতবাদের বর্ণনা দাও। ৪

Copyright Md Shah Jamal

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় কোড : ১ ১ ২

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট

মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. অসুরদের দমন করতে ঈশ্বর পৃথিবীতে অবতীর্ণ হলেন। এক্ষেত্রে ঈশ্বরের স্বরূপ কোনটি?

ক) অবতার খ) ব্রহ্ম
গ) ভগবান ঘ) পরমেশ্বর

২. শিবকে নটরাজ বলা হয়, কারণ তিনি—

i. অসুরদেরকে বিনাশ করেন
ii. নাট্যে পারদর্শী
iii. নৃত্য ভালো জানেন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. ভগবান বিষ্ণুকে পরমানন্দ বলা হয় কেন?

ক) তিনি দুঃখ জয় করেন
খ) তিনি মানুষকে পাপ থেকে উদ্ধার করেন
গ) তিনি সবসময় আনন্দে থাকেন
ঘ) তিনি জগতের মঙ্গল করেন

৪. 'ঈশ্বর পরমাত্মা এবং একমাত্র আশ্রয়'– এটি কোন গ্রন্থে বর্ণিত হয়েছে?

ক) রামায়ণে খ) শ্বেতাশ্বতর উপনিষদে
গ) গীতায় ঘ) বেদে

৫. ঈশ্বর অবস্থান করেন তাঁর—

i. সৃষ্টির মধ্যে
ii. সৌন্দর্যের মধ্যে
iii. বিভিন্ন শক্তির মধ্যে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. জীবসেবা হলো—

i. জীবের বৃদ্ধি করা
ii. জীবের পরিচর্যা করা
iii. জীবের প্রতি সহানুভূতি দেখানো

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

হরিশংকর মুখার্জি কাজের ব্যস্ততার জন্য মন্দিরে যাওয়ার সুযোগ পান না। ঈশ্বরের উদ্দেশে প্রার্থনাও করতে পারেন না। তবে তিনি সব সময় মানুষের কল্যাণে নিজেকে নিয়োজিত রাখেন।

৭. হরিশংকর মুখার্জির এ ধরনের কাজ থেকে ধারণা পাওয়া যায়—

i. নিরাকার ব্রহ্মের উপলব্ধি
ii. সৃষ্টির মধ্যে স্রষ্টার খোঁজ
iii. জীবসেবা দ্বারা ঈশ্বরসেবা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. হরিশংকর মুখার্জির এ কাজের মাধ্যমে প্রকৃতপক্ষে—

ক) ঈশ্বরের সেবা করা হবে
খ) মানুষের কল্যাণ করা হবে
গ) দেব-দেবীর আরাধনা করা হবে
ঘ) তিনি মোক্ষলাভ করবেন

৯. হিন্দুধর্মের প্রাচীন নাম কী?

ক) বৈরাগ্য ধর্ম খ) ব্রাহ্মণ ধর্ম
গ) সনাতন ধর্ম ঘ) আর্য ধর্ম

১০. কোন যুগে ঋষিরা সুখবাদী ছিলেন?

ক) পৌরাণিক যুগে খ) বৈদিক যুগে
গ) দ্বাপর যুগে ঘ) আধুনিক যুগে

১১. অবাচক আশ্রমের বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে—

i. চরিত্র গঠন
ii. জগতের কল্যাণ
iii. স্বাবলম্বন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. কোন সময় ভগবান ভক্তের কাছে নেমে আসেন?

ক) দোলখেলার সময় খ) রথযাত্রার সময়
গ) পূজা অর্চনার সময় ঘ) ধ্যান তপস্যার সময়

১৩. দোল পূর্ণিমার আগের দিন 'বুড়ির ঘর' বা 'মেড়া' পোড়ানো হয় কেন?

ক) অমঙ্গলকে দূর করার জন্য
খ) ধনসম্পদ অর্জনের জন্য
গ) জ্ঞানলাভের জন্য
ঘ) ঈশ্বরপ্রাপ্তির জন্য

১৪. কোনটিকে দেহ শুদ্ধিকরণ অনুষ্ঠান বলা হয়?

ক) গায়ে হলুদ খ) বৃদ্ধিশ্রাদ্ধ
গ) অধিবাস ঘ) শুভদৃষ্টি

১৫. কে আদ্যশ্রাদ্ধের অধিকারী?

ক) জ্যেষ্ঠ কন্যা খ) জ্যেষ্ঠ পুত্র
গ) কনিষ্ঠ পুত্র ঘ) মধ্যম পুত্র

১৬. পূজায় যিনি প্রধান ভূমিকা পালন করেন তাকে কী বলা হয়?

ক) অভিভাবক খ) পুরোহিত
গ) গুরুদেব ঘ) ঘোটক

১৭. ব্রহ্ম বা ঈশ্বরের ভিন্ন ভিন্ন রূপ কে প্রকাশ করেন?

ক) দেবতাগণ খ) অসুরগণ
গ) মানবগণ ঘ) দানবগণ

১৮. বেদে উল্লিখিত বিষ্ণুকে পুরাণে দেখা যায়—

i. শঙ্খধারীরূপে
ii. চক্রধারীরূপে
iii. গদাধারীরূপে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. নিঝুম তার মায়ের সাথে ঢাকেশ্বরীতে পূজা দেখতে গিয়েছিল। সে যে দেবীকে মন্দিরে দেখল তাঁর দশ হাত অস্ত্রসজ্জিত। নিঝুম কোন দেবীকে দেখল?

ক) দেবী দুর্গাকে খ) দেবী অম্বিকাকে
গ) দেবী সরস্বতীকে ঘ) দেবী কালীকে

২০. নিচের কোনটি দ্বারা মনের শুদ্ধি ঘটে?

ক) জলদ্বারা খ) তপদ্বারা
গ) সত্যাচরণ দ্বারা ঘ) জ্ঞানদ্বারা

Copyright Md Shah Jamal

২০. **নিচের কোনটি দ্বারা মনের শুদ্ধি ঘটে?**
ক জলদ্বারা　খ তপদ্বারা
গ সত্যাচরণ দ্বারা　ঘ জ্ঞানদ্বারা

২১. **রাম কত বছরের জন্য বনবাসে গিয়েছিলেন?**
ক দশ　খ বার
গ চৌদ্দ　ঘ ষোল

২২. **ধর্মগ্রন্থ কীভাবে আমাদের উপদেশ দিয়ে থাকে?**
ক আখ্যান উপাখ্যানের মাধ্যমে
খ কবিতার মাধ্যমে
গ রম্য আলোচনার মাধ্যমে
ঘ প্রবন্ধের মাধ্যমে

২৩. **রাম কেন বিভীষণকে ভর্ৎসনা করলেন?**
ক তিনি তার পুত্রের পরিচয় দেননি বলে
খ তিনি লক্ষণকে অপমান করেছিলেন বলে
গ তিনি নিজদেশ ত্যাগ করেছিলেন বলে
ঘ তিনি নিজের পুত্রকে হত্যা করেছিলেন বলে

২৪. **প্রণাম কয় প্রকার?**
ক দুই　খ তিন
গ চার　ঘ পাঁচ

২৫. **সুশ্রুতের পিতার নাম কী ছিল?**
ক বিশ্বামিত্র মুনি　খ শিবগুরু
গ হাড়াই পণ্ডিত　ঘ শ্রীগৌরাঙ্গ

২৬. **কার সময় সুশ্রুতসংহিতা ও চরকসংহিতা অনূদিত হয়?**
ক খলিফা ওমর ফারুকের
খ খলিফা আব্বাসীর
গ খলিফা হারুনর রশিদের
ঘ খলিফা ওসমানের

২৭. **'শিবস্তব' গ্রন্থটি কে রচনা করেন?**
ক শঙ্করাচার্য　খ স্বামী বিবেকানন্দ
গ শ্রীরামকৃষ্ণ　ঘ শ্রীনিত্যানন্দ

২৮. **বীর কুমারীর বাবার নাম কী ছিল?**
ক শূরতান সিংহ　খ রাও দুধাজীর
গ হাড়াই পণ্ডিত　ঘ নিমাই পণ্ডিত

২৯. **শ্রীরামকৃষ্ণ কার সাধনা করতেন?**
ক কালীর　খ শিবের
গ বিষ্ণুর　ঘ দুর্গার

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

শ্রীরামকৃষ্ণের প্রধান শিষ্য আমেরিকা তথা পুরো ইউরোপ মহাদেশ জয় করেছিলেন– বক্তৃতা দিয়ে। প্রচার করেছিলেন বেদান্ত দর্শন। তিনি শুধু ধর্ম সাধনায় সীমাবদ্ধ ছিলেন না– মানুষের জন্য তিনি সমাজ সংস্কার তথা দেশের উন্নয়নে বিশেষ অবদান রেখেছিলেন।

৩০. **অনুচ্ছেদে কোন মহাপুরুষের কথা বলা হয়েছে?**
ক বিবেকানন্দের　খ নিত্যানন্দের
গ প্রভুপাদের　ঘ শঙ্করাচার্যের

৩১. **উক্ত মহাপুরুষের উপলব্ধি হলো—**
i. জীবসেবার চেয়ে বড় ধর্ম নেই
ii. আত্মবিশ্বাস এবং ঈশ্বরের বিশ্বাস উন্নতির প্রথম শর্ত
iii. অপরকে ভালোবাসা ধর্ম, অপরকে ঘৃণা করাই পাপ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩২. **স্বাধ্যায় শব্দের অর্থ কী?**
ক নিজেকে অধ্যয়ন　খ পাঠ্যবই অধ্যয়ন
গ কঠোর সাধনা　ঘ নিজেকে অর্পণ করা

৩৩. **'গরুড়' শব্দের অর্থ কী?**
ক ময়ূর পাখি　খ দোয়েল পাখি
গ ঈগল পাখি　ঘ উট পাখি

৩৪. **গরুড়াসনে কোনটি ভালো থাকে?**
ক পেট　খ যকৃত
গ কিডনি　ঘ হৃদপিণ্ড

৩৫. **উপ-নি-সদ্+ক্বিপ্ = উপনিষদ এখানে 'নি' অর্থ কী?**
ক নির্ণয়　খ মানা
গ নাই　ঘ নিশ্চয়ের সাথে

৩৬. **উপনিষদ বলতে কী বোঝায়?**
ক পিতা-মাতার উপদেশ পালন
খ বিদ্যালয়ে গিয়ে শিক্ষা গ্রহণ
গ গুরুর কাছে শিক্ষাগ্রহণ
ঘ গুরুর উপদেশ পালন

৩৭. **সংস্কৃত রামায়ণ বাংলা ভাষায় কে অনুবাদ করেন?**
ক বাল্মীকি　খ কৃত্তিবাস
গ দৌলত কাজী　ঘ আলাওল

৩৮. **মহাভারত কে রচনা করেন?**
ক কৃষ্ণ দ্বৈপায়ণ বেদব্যাস
খ বাল্মিকী
গ কৃত্তিবাস
ঘ কবিন্দ্র পরমেশ্বর

৩৯. **হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থগুলো হলো—**
i. বেদ, পুরাণ
ii. উপনিষদ, গীতা
iii. রামায়ণ, মহাভারত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪০. **রন্তিবর্মা কার ভক্ত ছিলেন?**
ক কৃষ্ণের　খ শিবের
গ বিষ্ণুর　ঘ রামের

উত্তরমালা

১	ক	২	গ	৩	গ	৪	গ	৫	ঘ	৬	ঘ	৭	গ	৮	ক	৯	গ	১০	খ
১১	ঘ	১২	খ	১৩	ক	১৪	ক	১৫	খ	১৬	খ	১৭	ক	১৮	ঘ	১৯	ক	২০	গ
২১	গ	২২	ক	২৩	ক	২৪	গ	২৫	ক	২৬	খ	২৭	ক	২৮	ক	২৯	ক	৩০	ক
৩১	খ	৩২	ক	৩৩	গ	৩৪	গ	৩৫	ঘ	৩৬	গ	৩৭	খ	৩৮	ক	৩৯	ঘ	৪০	ক

Copyright Md Shah Jalal